[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিত ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[ ভ্যাট বিভাগ ]

মোঃ শফিকুর রহমান
সিস্টেমস ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

সাধারণ আদেশ নং-২২/মূসক/২০১৯ তারিখ: ২৯ আশ্বিন, ১৪২৬বঙ্গাব্দ/ ১৪ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ পণ্য বা সেবা সরবরাহের সময় মূসক চালানপত্র (ফরম মূসক-৬.৩) ও কেন্দ্রীয় নিবন্ধনের ক্ষেত্রে এক শাখা হতে অন্য শাখায় পণ্য স্থানান্তর চালানপত্র (ফরম মূসক-৬.৫) ইস্যুকরণ।**

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এর উপ-বিধি (১) এর দফা (গ) অনুযায়ী নিবন্ধিত ব্যক্তি কর্তৃক পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে ক্রেতা বরাবর ফরম মূসক-৬.৩ এ চালানপত্র ইস্যুর বিধান রয়েছে। এক্ষেত্রে ন্যূনতম ২ (দুই) প্রস্থে চালানপত্র ইস্যু করতে হবে যার মূল চালানপত্রটি ক্রেতাকে প্রদান করতে হবে এবং অপর কপি নিবন্ধিত ব্যক্তি কমপক্ষে ৫ (পাঁচ) বছর সংরক্ষণ করবেন। তাছাড়া উক্ত বিধিমালার বিধি ৪০ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) তে কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত প্রতিষ্ঠানের এক শাখা হতে অন্য শাখায় পণ্য স্থানান্তর করার জন্য ফরম মূসক-৬.৫ ইস্যুর বিধান রয়েছে। পণ্য স্থানান্তর চালানপত্র ন্যূনতম ২ (দুই) প্রস্থে জারি করতে হবে যার মূল চালানপত্রটি পণ্য গ্রহণকারী শাখা বরাবর প্রেরণ করতে হবে এবং অনুলিপি জারিকারী শাখায় সংরক্ষণ করবেন।

০২। কিন্তু, জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে অবহিত হয়েছে যে, অনেক ক্ষেত্রে সরবরাহকৃত পণ্য বা সেবার সাথে ফরম মূসক-৬.৩ এবং কেন্দ্রীয় নিবন্ধিত ব্যক্তির এক শাখা হতে অন্য শাখায় পণ্য স্থানান্তরের ক্ষেত্রে পণ্যের সাথে ফরম মূসক-৬.৫ পাওয়া যাচ্ছে না। ফলে পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে পণ্য বা সেবার সাথে মূসক চালানপত্র ফরম মূসক-৬.৩ এবং কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত এক শাখা হতে অন্য শাখায় পণ্য স্থানান্তরের সময় পণ্য স্থানান্তর চালানপত্র ফরম মূসক-৬.৫ না থাকলে মূসক বা প্রযোজ্য ক্ষেত্রে মূসক ও সম্পূরক শুল্ক ফাঁকির সুযোগ তৈরি এবং করদাতা ও মূসক কর্মকর্তাদের মধ্যে অনাহূত জটিলতা সৃষ্টি হতে পারে।

০৩। মাঠ পর্যায়ের উক্তরূপ পরিস্থিতি নিরসনকল্পে বোর্ড নিম্নরূপ নির্দেশনা প্রদান করছে:

(ক) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক পণ্য বা সেবা সরবরাহের বিপরীতে মূসক-৬.৩ ফরমে ন্যূনতম ২ (দুই) প্রস্থে মূসক চালানপত্র ইস্যু করতে হবে। মূসক চালানপত্রের মূল কপি ক্রেতাকে প্রদান করতে হবে যা পণ্য বা সেবার চূড়ান্ত গন্তব্যস্থল পর্যন্ত পণ্য পরিবহনকারী যানবাহনে পণ্য বা সেবার সাথে থাকবে এবং ক্রেতা নিবন্ধিত হলে উক্ত চালানপত্র ৫ (পাঁচ) বছর সংরক্ষণ করবেন। মূসক চালানপত্রের দ্বিতীয় অনুলিপি সরবরাহকারী ৫ (পাঁচ) বছর সংরক্ষণ করবেন। তবে কোন চালানের বিপরীতে কোন বিষয় অনিষ্পন্ন থাকলে তা নিষ্পন্ন না হওয়া পর্যন্ত সংরক্ষণ করতে হবে;

(খ) কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত প্রতিষ্ঠানের এক শাখা হতে অন্য শাখায় (পণ্য স্থানান্তরসহ) পণ্য স্থানান্তরের বিপরীতে মূসক-৬.৫ ফরমে ন্যূনতম ২ (দুই) প্রস্থে পণ্য স্থানান্তর চালানপত্র ইস্যু করতে হবে। পণ্য স্থানান্তর চালানপত্রের মূলকপি পণ্য গ্রহণকারী শাখা বরাবর ইস্যু করতে হবে যা পণ্যের চূড়ান্ত গন্তব্যস্থল (শাখা/পণ্যাগার) পর্যন্ত পণ্য পরিবহনকারী যানবাহনে এবং পণ্যের সাথে থাকতে হবে। পণ্য গ্রহণকারী শাখা উক্ত চালানপত্র ৫ (পাঁচ) বছর সংরক্ষণ করবেন। তবে কোন চালানের বিপরীতে অনিষ্পন্ন কোন বিষয় থাকলে তা নিষ্পন্ন না হওয়া পর্যন্ত সংরক্ষণ করতে হবে;

(গ) মূসক চালানপত্র ফরম মূসক-৬.৩ এবং পণ্য স্থানান্তর চালানপত্র ফরম মূসক-৬.৫ ইস্যু, হিসাব সংরক্ষণ ও অন্যান্য বিষয়াদি উক্ত আইন ও বিধিমালাতে বিধৃত পন্থায় অনুসরণ করতে হবে।

০৪। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে আদেশ জারি করা হলো।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

১৪.১০.১৯

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

**[তাঁকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.০৯.০০৭.১৩/৩৪১ (৩১) তারিখঃ ১৪ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
২। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৩-৬। সদস্য (শুল্ক নীতি)/ (মূসক নীতি)/ (মূসক বাস্তবায়ন ও আইটি)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭-১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
১৯-২৪। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি,কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।
২৫-২৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
২৯। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
৩০। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
৩১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩২-৩৪। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন)/(মূসক নিরীক্ষা)/(শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১৪/১০/১৯
মোঃ তারেক হাসান
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)